

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১২৬

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (كتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৭. দরিদ্রদের সাথে মেলামেশা করা

بَابِ مُجَالَسَةِ الْفُقَرَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، قَالَا حَدَّثَنَا أَبُو خَالِدُ الْأَحْمَرُ، عَنْ يَزِيدَ  
بْنِ سِنَانٍ، عَنْ أَبِي الْمُبَارَكِ، عَنْ عَطَاءٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ أَحِبُّوا الْمَسَاكِينَ  
فَإِنَّمَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَقُولُ فِي دُعَائِهِ "اللَّهُمَّ أَحِينِي  
مِسْكِينًا وَأَمْتِنِي مِسْكِينًا وَاحْشُرْنِي فِي زُمْرَةِ الْمَسَاكِينِ" .

বাংলা

২/৪১২৬। আবু সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, তোমরা মিসকীনদের মহববত করবে।  
কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তাঁর দোয়ায় বলতে শুনেছি: ”হে আল্লাহ! তুমি আমাকে  
মিসকীনরূপে জীবিত রাখো, মিসকীনরূপে মৃত্যুদান করো এবং মিসকীনদের দলভুক্ত করে হাশরের ময়দানে  
উথিত করো”।

## English

It was narrated that Abu Sa'eed Al-Khudri said:

“Love the poor, for I heard the Messenger of Allah (ﷺ) say in his supplication: ‘O Allah, cause me to live poor and cause me to die poor, and gather me among the poor (on the Day of Resurrection).’”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৩০৮, ইরওয়া ৮৬১। তাহকীক আলবানীঃ  
সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আবু খালিদ আল আহমার সম্পর্কে ইয়াহইয়া বিন মাঝিন বলেন, তিনি সত্যবাদী  
কিন্তু তার হাদিস দলীলযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি  
সত্যবাদী। ইমাম নাসাই বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সালেহ কিন্তু হাদিস

বর্ণনায় সংমিশ্রণ ও ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫০৪, ১১/৩৯৪ নং পৃষ্ঠা) ২. ইয়াযীদ বিন সিনান সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি হাদিস গ্রহনে শিথিল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাসল বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০০১, ৩২/১৫৫ নং পৃষ্ঠা) ৩. আবুল মুবারাক সম্পর্কে আবু হাতিম আর-রায়ী, ইমাম তিরমিয়ি ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজল্ল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৬০০, ৩৪/২৪৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াযীদ বিন সিনান ও আবুল মুবারাক এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৭ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ৩ টি খুবই দুর্বল, ৭ টি দুর্বল, ৫ টি হাসান, ১১ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিয়ি ২৩৫২, শুআবুল ঈমান ১৪৫১।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45091>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন